

তারিখ 11 APR 1987
পৃষ্ঠা পুস্তকালয় ...

দেশিক ইব্রাহিম



003

গোপালগঞ্জ সদরে নিরক্ষরতা। দূরীকরণে ব্যাপক কর্মসূচী।

গোপালগঞ্জ, ১০ এপ্রিল
(সংবাদদাতা)।— গোপালগঞ্জ সদর
উপজেলার ১৬টি গ্রামে সিসিডিবি-এর
গ্রাম সংগঠন লিসা কর্মসূচীর উদ্যোগে
১৬০০ জন নিরক্ষর নারী-পুরুষকে
অক্ষরজ্ঞান দেয়ার এক কর্মসূচী হাতে
নেয়া হয়েছে।

মিঃ নিতীশ নারায়ণ সাহা ও মিঃ মধুশেল
অধিকারীর তত্ত্বাবধানে এ ১৬টি গ্রামের
কর্মসূচী আগামী ৬ মাস পর্যন্ত চলবে।
গত ৩ এপ্রিল থেকে ১২ এপ্রিল পর্যন্ত
৬৪ জন বেচ্ছাসেবক এবং
বেচ্ছাসেবিকাদের অশিক্ষণ চলবে এই
কর্মসূচীকে এগিয়ে নেয়ার জন্যে।
উল্লেখ্য যে, গত বছরও এ সংগঠন সদর
উপজেলার ২৪টি গ্রামে এ কর্মসূচীর
আওতায় ২৪০০ জন নিরক্ষরকে
অক্ষরজ্ঞান দেয় এবং এই সকল গ্রামে
৩১টি সমবায় সমিতি এবং ২৪টি
পাঠাগার এদের উদ্যোগেই গঠিত হয়।
এই সংগঠন ছাত্র/ছাত্রীদেরকে বিনামূল্যে
বই, খাতা, টেট, পেসিল, চক ইত্যাদি
লেখা-পড়ার যাবতীয় সরঞ্জাম বিনা
পর্যায় দিয়ে থাকে।

গত বছর যেসব গ্রামে এই কার্যক্রম গ্রহণ
করা হয়েছিল, সেখানে এখন ফলোআপ
প্রোগ্রাম চলছে এবং স্বল্প শিক্ষিতদেরকে
বিনা মূল্যে সহজ ভাষায় লিখিত পাক্ষিক
পত্রিকা সরবরাহ করছে এই সংগঠনটি।
গ্রামের সাধারণ মানুষের জীবনযাত্রার মান
উন্নত করা এই সনগঠনের মূল লক্ষ্য।